# জাতীয় নাগরিক পার্টি – এনসিপি

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি

(অস্থায়ী কার্যালয়ঃ রূপায়ন ট্রেড সেন্টার, বাংলামোটর, ঢাকা)

সূত্র: তারিখ: ১৮ অক্টোবর, ২০২৫ ইং

## প্রেস-বিজ্ঞপ্তি

জুলাই সনদের আইনগত ভিত্তি ও বৈধতা নিশ্চিত না করে এবং বাস্তবায়ন প্রক্রিয়া সম্পর্কে জাতিকে স্বচ্ছ ধারণা না দিয়েই গতকাল জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন করেছে অন্তর্বর্তীকালীন সরকার। জুলাই সনদের কোনো আইনি ভিত্তি প্রদান না করা, জুলাই সনদ বাস্তবায়ন আদেশের খসড়া প্রকাশ না করা এবং সনদ বাস্তবায়ন পদ্ধতির পূর্নাঙ্গ রূপরেখা জাতির সাথে উম্মোচন না করায় স্রেফ আনুষ্ঠানিকতার জন্য গতকাল জুলাই সনদে স্বাক্ষর থেকে বিরত থেকেছে জাতীয় নাগরিক পার্টি।

জাতীয় নাগরিক পার্টি - এনসিপি প্রতিষ্ঠার দিন থেকেই বাহাত্তরের ফ্যাসিবাদী বন্দোবস্তের বিলোপ ঘটিয়ে নতুন সাংবিধানিক অগ্রযাত্রায় শামিল হতে সরকার এবং সকল রাজনৈতিক দলকে আহবান জানিয়েছে। বিচার, সংস্কারের অংশ হিসাবে 'জুলাই সনদ' প্রণয়ন ও বাস্তবায়ন এবং গণপরিষদ নির্বাচনের দাবিতে সারা বাংলাদেশে এনসিপি 'জুলাই পদযাত্রা' কর্মসূচি বাস্তবায়ন করেছে। রাজধানী থেকে তৃণমূল পর্যন্ত বাংলাদেশের জনগণ এই দাবিতে এনসিপিকে দৃঢ় সমর্থন দিয়েছে। একইসাথে, জাতীয় ঐক্যমত্য কমিশনেও রাষ্ট্রের কাঠামোগত সংস্কার প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে জোরালো ভূমিকা পালন করেছি আমরা।

কিন্তু আমরা দেখেছি - জুলাই সনদ বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে জাতিকে ধোঁয়াশায় রাখা হয়েছে। জুলাই সনদে এর আইনি ভিত্তি হিসাবে 'জুলাই সনদ বাস্তবায়ন আদেশ' এর কথা উল্লেখিত হয় নাই। আমরা বলেছি - অভ্যুত্থান পরবর্তী যেকোনো বন্দোবস্তের নৈতিক ও আইনী ভিত্তি হতে হবে জুলাই অভ্যুত্থানে প্রকাশিত জনগণের 'সার্বভৌম ও গাঠনিক ক্ষমতা'। কিন্তু দূর্ভাগ্যের বিষয় - জুলাই সনদে জনগণের 'সার্বভৌম ও গাঠনিক ক্ষমতা' সম্পর্কিত মৌলিক সত্যের কোনো উল্লেখ নাই।

সনদ বাস্তবায়নের একটি প্রক্রিয়া হিসাবে সকল রাজনৈতিক দল 'গণভোট' - এ সম্মত হলেও খোদ গণভোটের আইনী কাঠামো তথা জুলাই সনদ বাস্তবায়ন আদেশের কথা সনদে বিবৃত হয় নাই। অপরদিকে, জুলাই সনদে রাজনৈতিক দলগুলো সংবিধানের এমন কিছু অনুচ্ছেদ পরিবর্তনের ব্যাপারে সম্মত হয়েছে, যা বিদ্যমান সংবিধানের তথাকথিত 'বেইসিক স্ট্রাকচার' এর আওতাভুক্ত। ফলে বাহাত্তরের সংবিধানিক কাঠামোর অধীনে থেকে খোদ এর 'বেইসিক স্ট্রাকচার'কে লঙ্ঘন করে সংবিধান সংশোধন বা সংস্কার করলেও অদূর ভবিষ্যতে এই প্রক্রিয়া আদালতে চ্যালেঞ্জড এবং বাতিল হওয়ার সম্ভাবনা রাখে। কাজেই এই প্রক্রিয়ায় 'জুলাই সনদ' পাশ হলে, এটি জনগণের সাথে একটি সাংবিধানিক প্রতারণা বৈ কিছু হবে না। একারণেই আমরা গণভোটের পূর্বে জনগণের সার্বভৌম ইচ্ছার বহিঃপ্রকাশ হিসাবে সরকার প্রধান ডঃ মুহাম্মদ ইউনুস কর্তৃক জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারির কথা বলেছি। যে আদেশের খসড়াতে এর আইনী ভিত্তি ও বৈধতা তথা জুলাই গণঅভ্যুত্থানের কথা স্পষ্ট উল্লেখ থাকবে।

# জাতীয় নাগরিক পার্টি – এনসিপি

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি

(অস্থায়ী কার্যালয়ঃ রূপায়ন ট্রেড সেন্টার, বাংলামোটর, ঢাকা)

---

যেহেতু ঐক্যমত্য কমিশনের মেয়াদ ইতোমধ্যে বৃদ্ধি করা হয়েছে, ফলে সৃষ্ট আইনি জটিলতা নিরসনে এবং জুলাই সনদকে একটি যথাযথ আইনি ভিত্তি দিতে আমরা জাতীয় ঐক্যমত্য কমিশনের সাথে পূর্বের ন্যায় আলোচনা চালিয়ে যাবো এবং উপরোক্ত বিষয়াবলি সম্পর্কে সুনিশ্চিত হলেই কেবল আমরা সনদে স্বাক্ষর করবো।

গতকাল জুলাইয়ের শহীদ পরিবার ও আহতরা কিছু দাবি নিয়ে উক্ত অনুষ্ঠানে গিয়েছিল। তাদের দাবির প্রেক্ষিতে জুলাই সনদের অঙ্গীকারনামার পঞ্চম দফা সংশোধন করার ঘোষণাও দিয়েছে ঐক্যমত্য কমিশন। কিন্তু ঐক্যমত্য কমিশনে এই বিষয়টি প্রথমেই আমলে নিলে শহীদ পরিবার ও আহতযোদ্ধাদের রাজপথে নামতে হতো না। আমরা আরো দেখেছি- সৃষ্ট সংকটের শান্তিপূর্ণ সমাধান না করে আহতযোদ্ধাদের ওপর হামলা করা হয়েছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমরা এই ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করছি। আমরা দেখেছি - আমন্ত্রিত শহীদ পরিবাররাও এই অনুষ্ঠানে প্রাপ্য সম্মান পান নাই। প্রশাসন থেকে তাদের সাথে উচ্চবাচ্য করা হয়েছে। শহীদ পরিবাররাই জুলাই সনদ আয়োজন অনুষ্ঠানের মূল আকর্ষণ। তাদেরকে মঞ্চ থেকে এক কোণে বসিয়ে তাদের সাথে অমর্যাদা করা হয়েছে। শহীদ ও আহতদের আত্মত্যাগের বলেই আজকের জুলাই সনদ। তাদের ওপর হামলা করে এবং তাদেরকে অসম্মান করে 'জুলাই সনদ'কে 'পাওয়ার এলিটদের সেটেলমেন্ট' বানাতে চাওয়ার অপচেষ্টার নিন্দা জানাই আমরা।

ফ্যাসিবাদবিরোধী অনেক রাজনৈতিক দল অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক আগামীতে জুলাই সনদের আইনি ভিত্তি দেওয়া হবে এমন আশাবাদ ব্যক্ত করেই গতকাল সনদে স্বাক্ষর করেছেন। আমরাও আশা করছি, ঐক্যমত্য কমিশনে 'জুলাই সনদের আইনি ভিত্তি' সংক্রান্ত আগামী কয়েকদিনের আলোচনায় আমাদের অবিচল লড়াইয়ে আমরা তাদেরকে জনগণের পাশে পাবো। কোন অবস্থাতেই জুলাই সনদকে জুলাই ঘোষণাপত্রের ন্যায় আইনি ভিত্তিহীন রাজনৈতিক সমঝোতার দলিল বা 'জেন্টেলম্যান'স এগ্রিমেন্টে' পর্যবসিত করা যাবে না। আমরা আশা করছি- অন্তর্বর্তীকালীন সরকার জুলাই অভ্যুত্থানে প্রতিভাত জনগণের অভিপ্রায়কে ধারণ করে জুলাই সনদের আইনি ভিত্তি ও বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

বার্তাপ্রেরক

সালেহ উদ্দিন সিফাত
যুগ্ম সদস্যসচিব (দপ্তর)
জাতীয় নাগরিক পার্টি - এনসিপি